



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী উদ্যোক্তা মেলার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের উদ্যোগে এবং ম্যানেজমেন্ট স্টাডিজ অ্যাসোসিয়েশনের সহযোগিতায় আয়োজিত দুই দিনব্যাপী উদ্যোক্তা মেলার উদ্বোধন করা হয়েছে। আজ ৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বুধবার সকাল ১০:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে মেলার উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শুচিতা শরমিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় এই আয়োজনকে সাধুবাদ জানিয়ে বলেন এ ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের মধ্যে উদ্যোক্তা হওয়ার প্রবণতা বাড়াবে, তাদের সফল উদ্যোক্তা হতে অনুপ্রাণিত করবে, যা দেশ এবং জাতির জন্য অত্যন্ত কল্যাণকর। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. আব্দুল্লাহ আল মাসুদ এর সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ মামুন অর রশিদ এবং ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন হারুন অর রশিদ। এ সময় অন্যান্যদের মধ্যে বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রভোস্ট, প্রক্টর, পরিচালক, শিক্ষকমণ্ডলি শিক্ষার্থীবৃন্দসহ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন। মেলার ৪৫টি স্টলে বরিশাল বিশ্ববিদ্যালয়সহ বরিশালের বিভিন্ন প্রতিষ্ঠানের তরুণ উদ্যোক্তারা অংশ নেয়। উল্লেখ্য, উদ্যোক্তা মেলার পাশাপাশি এ দিন সকাল ১০ টায় র্যালি ও বিকাল ৩টায় মুক্তমঞ্চে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মো. জুয়েল মুখা)

সেকশন অফিসার

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়